Press Release

Seminar on

**Making Cities Sustainable: Challenges and Imperatives for Bangladesh**

27 June 2024

---

Bangladesh Institute of International and Strategic Studies (BIISS) organised a seminar titled "**Making Cities Sustainable: Challenges and Imperatives for Bangladesh**" on Thursday, 27 June 2024 at the BIISS auditorium. **R A M Obaidul Muqtadir Chowdhury**, MP, honourable Minister, Ministry of Housing and Public Works, Bangladesh, graced the programme as chief guest. **Major General Md Abu Bakar Siddique Khan**, ndc, afwe, psc, G+, Director General, BIISS, delivered the welcome address. **Dr. Segufta Hossain**, Research Director, BIISS, presented the keynote paper. The keynote discussion was followed by a panel discussion. The panelists: **Professor Nazrul Islam**, Professor Emeritus, Dhaka University and chairman, Centre for Urban Studies (CUS); **Ishita Alam Abonee**, Urban Development Specialist, the World Bank; and **Professor Dr Khandaker Shabbir Ahmed**, Professor, Department of Architecture, Bangladesh University of Engineering and Technology (BUET). An open discussion took place after their deliberation. **Ambassador AFM Gousal Azam Sarker**, Chairman, BIISS, moderated the session and wrapped up with his remarks.

The speakers noted that building sustainable cities has become a priority in many regions worldwide. Rapid urbanisation and infrastructural progress coupled with rural-urban migration have created many problems impacting nature, human lives and resources in cities. As a developing nation, Bangladesh also faces such problems. Major cities of Bangladesh suffer from various management challenges including traffic, waterlogging, air-water-soil pollution, and earthquake risks. Planned and sustainable urbanisation is one of the crucial preconditions for economic development and Bangladesh recognises this need as illustrated in the SDG-11. The government under Prime Minister Sheikh Hasina's prudent leadership, has taken up a range of initiatives aligned with the targets of SDG 11 and is working tirelessly to achieve that. The Ministry of Housing and Public Works (MoHPW) remains at the forefront of the government's efforts. Speakers and panelists suggested using modern technologies and learning from the best practices of other megacities to resolve the pressing urban challenges and promote sustainable development across Bangladesh.

Senior officials from different ministries, diplomatic missions, media, researchers, academics, businesspeople, representatives from different think tanks and international organisations, and students from various universities participated in the seminar and enriched it by presenting their valuable opinions, comments, suggestions, and observations during the open discussion session.

সংবাদ বিজ্ঞপ্তি

**Making Cities Sustainable: Challenges and Imperatives for Bangladesh**

বৃহস্পতিবার, ২৭ জুন ২০২৪

বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) ২৭ জুন ২০২৪ তারিখ বৃহস্পতিবার বিআইআইএসএস অডিটোরিয়ামে **"Making Cities Sustainable: Challenges and Imperatives for Bangladesh"** শীর্ষক একটি সেমিনারের আয়োজন করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী **র আ ম উবায়দুল মোকতাদির চৌধুরী, এমপি**, অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সেমিনারে স্বাগত বক্তব্য প্রদান করেন বিআইআইএসএস এর মহাপরিচালক **মেজর জেনারেল মোঃ আবু বকর সিদ্দিক খান,** এনডিসি**,** এএফডব্লিউসি, পিএসসি, জি+। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিআইআইএসএস এর গবেষণা পরিচালক **শেগুফতা হোসেন**। প্যানেলিস্টদের মধ্যে ছিলেন: **নজরুল ইসলাম**, অধ্যাপক ইমেরিটাস, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চেয়ারম্যান, সেন্টার ফর আরবান স্টাডিজ (সিইউএস); **ঈশিতা আলম অবনী**, নগর উন্নয়ন বিশেষজ্ঞ, বিশ্ব ব্যাংক, এবং **ড. খন্দকার শাব্বির আহমেদ**, অধ্যাপক, স্থাপত্য বিভাগ, বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট)। প্রবন্ধ উপস্থাপন ও পর্যালোচনার পর একটি মুক্ত আলোচনা পর্ব অনুষ্ঠিত হয়। বিআইআইএসএস এর চেয়ারম্যান **রাষ্ট্রদূত এ এফ এম গওসোল আযম সরকার** সেমিনারটি সঞ্চালনা ও সমাপনী বক্তব্য প্রদান করেন।

সেমিনারে বক্তারা উল্লেখ করেন যে, টেকসই শহর তৈরি করা বিশ্বব্যাপী একটি অগ্রাধিকার হয়ে উঠেছে। দ্রুত নগরায়ণ, অবকাঠামোগত অগ্রগতি ও শহরমুখী অভিবাসন বিভিন্ন সমস্যার সৃষ্টি করেছে, যার ফলস্বরূপ শহরগুলোতে প্রকৃতি, মানব জীবন এবং সম্পদের উপর চাপ সৃষ্টি হচ্ছে। উন্নয়নশীল দেশ হিসেবে বাংলাদেশও এ ধরনের সমস্যার সম্মুখীন হচ্ছে। বাংলাদেশের বড় শহরগুলো যানজট, জলাবদ্ধতা, বায়ু-জল-মাটি দূষণ এবং ভূমিকম্পের ঝুঁকিতে ভুগছে। পরিকল্পিত এবং টেকসই নগরায়ণ অর্থনৈতিক উন্নয়নের জন্য একটি গুরুত্বপূর্ণ পূর্বশর্ত এবং SDG-11 এ বর্ণিত এই প্রয়োজনীয়তাকে বাংলাদেশ গুরুত্ব প্রদান করে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিচক্ষণ নেতৃত্বে সরকার সেই লক্ষ্যগুলি বাস্তবায়নে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে এবং তা অর্জনে অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছে। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (MoHPW) সরকারের ঐসকল প্রচেষ্টার অগ্রভাগে রয়েছে। বক্তা ও প্যানেলিস্টরা নগরায়ণের ফলে উদ্ভূত সমস্যাদি মোকাবেলায় আধুনিক প্রযুক্তি ব্যবহার এবং অন্যান্য মহানগরের ক্ষেত্রে গৃহীত সর্বোত্তম কার্যপদ্ধতিসমূহ থেকে শিক্ষালাভের মাধ্যমে সমগ্র বাংলাদেশে টেকসই উন্নয়নের প্রসারের জন্য পরামর্শ প্রদান করেন।

সেমিনারে বিভিন্ন মন্ত্রণালয়ের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, কূটনৈতিক মিশনের প্রতিনিধিবর্গ, গণমাধ্যম, ব্যবসায়ী, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, গবেষণা প্রতিষ্ঠানের গবেষক, আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিরা অংশগ্রহণ করেন এবং তাদের মূল্যবান মতামত, মন্তব্য, পরামর্শ ও পর্যবেক্ষণ দ্বারা এটিকে সমৃদ্ধ করেন।